দৈনিক
ইত্তেফাক

তারিখ ০৩ APR 2015
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# স্কুল ভবনে পুলিশ ক্যাম্প ভোগান্তিতে শিক্ষার্থীরা

■ রায়পুরা (নরসিংদী) সংবাদদাতা

রায়পুরা উপজেলার বীরগাঁও গ্রামে দুইটি গ্রুপের সংঘর্ষকে কেন্দ্র করে ৮ মাস পূর্বে বীরগাঁও (২) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি অস্থায়ী পুলিশ ক্যাম্প স্থাপন করা হয়। বিদ্যালয়ে পাঁচ শতাধিক শিক্ষার্থীর জন্য ছয়টি কক্ষ থাকলেও মাত্র তিনটি কক্ষে পাঠদান চলছে। দুইটি কক্ষ পুলিশ সদস্যদের দখলে ও একটি কক্ষ শিক্ষকরা ব্যবহার করছেন। শ্রেণি কক্ষে শিক্ষার্থীদের সংকুলান না হওয়ায় পাঠদানে মারাত্মক বিঘ্ন ঘটছে। ইউএনও মোহাম্মদ মাসুদ রানা বলেন, শ্রেণি কক্ষে পুলিশ-ক্যাম্প থাকায় কোমলমতি শিক্ষার্থীদের পাঠদানে মারাত্মকভাবে ক্ষতি হচ্ছে। রায়পুরা থানার ওসি আজাহারুল-ইসলাম সরকার বলেন, ঐ এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতেই সাময়িকভাবে ক্যাম্প স্থাপন করা হয়েছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক অবস্থায় ফিরে আসলেই ক্যাম্পটি সরিয়ে নেয়া হবে।